# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVII YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 JUNE No 05


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ২৭: ১-৬

১। সদাপ্রভু আমার জ্যোতি ও আমার পরিত্রাণ, তাই আমি কেন ভীত হব? সদাপ্রভু আমার জীবনের আশ্রয় দুর্গ, তাই আমি কেন কম্পিত হব?

২। আমায় গ্রাস করতে যখন দুষ্টরা আমার দিকে এগিয়ে আসে, আমার শত্রুরা ও আমার বিপক্ষরা হোঁচট খাবে ও পতিত হবে।

৩। যদিও এক সৈন্যদল আমাকে ঘিরে ধরে, আমার হৃদয় ভয় করবে না;আমার বিরুদ্ধে যুদ্ধ ঘোষিত হলেও, আমি আত্মবিশ্বাসী রইব।

৪। সদাপ্রভুর কাছে আমার একটি নিবেদন, যা আমি একান্তভাবে চাই, সদাপ্রভুর সৌন্দর্য দেখবার জন্য তাঁর মন্দিরে তাঁকে অন্বেষণের উদ্দেশে, যেন আমি জীবনের সব দিন সদাপ্রভুর গৃহে বাস করি।

৫। কারণ সংকটের দিনে তিনি আপন আবাসে আমায় সুরক্ষিত রাখবেন; তাঁর পবিত্র তাঁবুর আশ্রয়ে আমাকে লুকিয়ে রাখবেন, ও উঁচু পাথরের উপরে আমাকে স্থাপন করবেন।

৬। তখন যেসব শত্রুরা আমাকে ঘিরে রয়েছে আমার মস্তক তাদের উর্দ্ধে উন্নত হবে;তাঁর পবিত্র তাঁবুতে আমি জয়ধবনির সাথে বলি নিবেদন করব; সদাপ্রভুর উদ্দেশে আমি গান করব ও সঙ্গীত রচনা করব।

## আপনি কি আপনার সন্তানদের কাছে আপনার উত্তরাধিকা রেখে যাচ্ছেন!

**ARE YOU LEAVING A LEGACY TO YOUR CHILDREN?** *Sis. Angel*

আমরা আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে তাঁর আহ্বানের প্রতিধবনি পরিবারের সদস্যদের শুভেচ্ছা জানাই।



এটা বিশ্বাস করা কঠিন যে আমরা ২০২৫ সালের প্রায় ছয় মাস সম্পূর্ণ করেছি। মনে হচ্ছে যেন বছরটা সবে শুরু হয়েছে, এবং তথাপি ইতিমধ্যেই আমরা বছরের দ্বিতীয়ার্ধে প্রবেশ করছি। এটি আমাদেরকে হবকুক ৩:২ পদটি স্মরণ করিয়ে দেয়: "... **হে সদাপ্রভু, বৎসর-সমূহের মধ্যে তোমার কর্ম্ম সজীব কর...।** " আমি প্রার্থনা করি যেন প্রভু বছরের এই দ্বিতীয়ার্ধে তাঁর স্বর্গীয় আনুকূল্য এবং করুণাসহ আপনাকে, আপনার পরিবারকে, আপনার পরিচর্যা কাজকে, এবং আপনার ব্যবসা, পেশা, অথবা আপনার অধ্যয়নকে সজীব করেন।

লূক ১৫ অধ্যায়টি শাস্ত্রের একটি অতিপরিচিত অধ্যায়। গত মাসে, আমি হারানো মেষের নীতিগল্পটি সম্পর্কে লিখেছিলাম—নিরানব্বইটি মেষকে পেছনে ফেলে রেখে, মেষপালক হারানো মেষটিকে খুঁজতে গিয়েছিলেন। সমগ্র অধ্যায়টিকে আমরা ৯৯:৯:১ হিসাবে সংক্ষিপ্ত আকারে প্রকাশ করতে পারি — ৯৯টি মেষ যা অবশিষ্ট ছিল, ৯টি মুদ্রা যা হারায়নি, এবং একটি পুত্র যে তার পিতার গৃহ ছেড়ে চলেগিয়েছিল, যে তার পিতার

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...

50 ECHO OF HIS CALL REACHING NATIONS



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers



10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


"সদাপ্রভু, যিনি স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্তা আমাদের সাহায্য তাঁর কাছ থেকে আসে" (গীত ১২৪: ৮)।

খ্রীষ্টে প্রিয়তমেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে অনুগ্রহ, শান্তি, এবং সমস্ত মঙ্গল আপনার সহবর্তী হোক।

আমরা এক মঙ্গলময় এবং বিশ্বস্ত ঈশ্বরের সেবা করি, এবং তিনি যে পথে আমাদের পরিচালনা করে আসছেন তার জন্য আমরা তাঁর প্রতি চিরকাল কৃতজ্ঞ। আমরা আমাদের নিবেদিত প্রাণ সহকর্মীদের জন্য এবং এমনকি বিভিন্ন



**সন্তোষপুরমে অনুষ্ঠিত ছুটিকালীন বাইবেল স্কুল**

চ্যালেঞ্জের সময় এবং সংকটের সময়েও যারা আমাদের সঙ্গে বিশ্বস্তভাবে যাত্রা করছেন, আমাদের সেই সমস্ত অংশীদারদের জন্য আমাদের আন্তরিক ধন্যবাদ এবং প্রশংসা জানাই। আপনাদের অবিরত প্রার্থনা মহানভাবে প্রশংসনীয়।



**নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষক শিক্ষিকাদের সভা**

এপ্রিল এবং মে মাসে বিভিন্ন স্থানে আয়োজিত শিশুদের **ছুটিকালীন বাইবেল স্কুলে** প্রচুর আশীর্বাদ করার জন্য আমরা ঈশ্বরকে ধন্যবাদ দিই। এই প্রকল্পকে মহানভাবে সফল করার উদ্দেশে অক্লান্ত প্রচেষ্টার জন্য আমরা


Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ YouTube Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

আমাদের সমস্ত সহকর্মী, খ্রীষ্টে ভাই এবং বোনদের জন্য আন্তরিকভাবে কৃতজ্ঞ। প্রভু আপনাদের সমস্ত প্রার্থনা, অনুদান এবং আত্মত্যাগের জন্য প্রচুররূপে পুরস্কৃত করুন। আপনার জন্য এবং আপনার পরিবারের সদস্যদের জন্য আমাদের আন্তরিক প্রার্থনার বিষয়ে আপনারা আশ্বস্ত থাকুন।

আসন্ন ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আমাদের কর্ম পরিকল্পনা নিয়ে প্রার্থনা সহকারে আলোচনা করার জন্য গত ২১শে এপ্রিল, ২০২৫ তারিখে নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষকদের সভা অনুষ্ঠিত হয়েছিল। ঈশ্বরের অনুগ্রহে, আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি এবং সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের ক্লাস শুরুর তারিখ ঘোষিত হয়েছিল। প্রিন্সিপাল, শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের জন্য, এবং শিক্ষা পরিষেবার সঙ্গে যুক্ত সমস্ত কর্মীদের জন্য আমরা আপনাদের প্রার্থনা কামনা করি।

খ্রীষ্টের মিশনের সহকর্মী হিসাবে, আমরা আপনাদের অবিরত মধ্যস্থতাকারী প্রার্থনা যাচ্ঞা করি যাতে আমরা আমাদের সমস্ত উদ্যোগগুলিতে ঈশ্বরের প্রচুর অনুগ্রহ লাভ করতে পারি।

ভালোবাসা এবং প্রার্থনাসহ

***তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিবার।***

E.mail : sam@echoofhiscall.org


## জরুরী প্রয়োজন

**শিক্ষক ও শিক্ষিকাদের জন্য**

**সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল,**
**তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিদ্যালয়**
**বিজয় নগরম্, মেদাবাক্কম,**
**চেন্নাই -১০০**

**আমাদের সুশিক্ষিত, অভিজ্ঞ, নিবেদিত প্রাণ, কঠোর পরিশ্রমী, মিশনমনস্ক খ্রীষ্টবিশ্বাসী সদস্য চাই।**

বায়োডাটাসহ নিম্নলিখিত ঠিকানায়
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858


## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!


**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**


*(ক্রমশঃ, ১ পাতার পর)*



***Father's love!***

ভালোবাসা বুঝতে পারেনি।

যেহেতু জুন মাসে ভারতে পিতৃদিবস পালিত হয়েছে, তখন আমি এই একই অধ্যায় থেকে গৃহীত, পিতার প্রেমের উপর গভীরভাবে ধ্যান করার বিষয়টি অনুভব করছি।

আমি বুঝতে পারছি এই বার্তাটি সকলের কাছে প্রাসঙ্গিক হবে না—বিশেষ করে তাদের কাছে যারা পিতৃহীন অবস্থার মধ্যে বড় হয়েছে, অথবা তাদের কাছে যাদের বাবারা তাদের জীবনে কোনও ইতিবাচক প্রভাব ফেলতে ব্যর্থ হয়েছেন। তাদের প্রতি এই পরিস্থিতিতে আমি ক্ষমাপ্রার্থী এবং আমার সহমর্মিতা জ্ঞাপন করছি। এছাড়াও আমি একজন একক মায়ের অবিশ্বাস্য শক্তি এবং ত্যাগের বিষয় স্বীকার করছি যিনি তার স্বামীর ভূমিকা পালন করার জন্য তাঁর ক্ষমতার উর্দ্ধে প্রচেষ্টা চালাচ্ছেন। এটি একটি অস্বাভাবিক চ্যালেঞ্জের ভূমিকা, এবং আপনি যদি এই পথে চলছেন, একজন স্ত্রীলোক হয়েও যদি আপনি পিতার ভূমিকা পালন করছেন, তাহলে আমি আপনাকে সেলাম জানাই!

আমি তাদেরও সম্মান জানাচ্ছি যারা বাপ্তিস্মদাতা যোহনের পিতা, সখরিয়ের মতো, সন্তানের জন্য অপেক্ষা করছেন এবং প্রার্থনা করছেন। এমনকি যদি আপনার করবেন, পরামর্শ দেবেন, এবং যত্ন করবেন। আশা করি ঈশ্বর আপনাকে অসংখ্য আত্মিক সন্তান দ্বারা আশীর্বাদ করবেন, যাদের আপনি লালন পালন রাখুন, এবং সাহসী হন!

আমি শুরুতেই এইসব কথা বলছি কারণ এক সময় আমি এক গভীর অভিজ্ঞতার মধ্যে দিয়ে গিয়েছিলাম। একবার পিতার ভালোবাসা নিয়ে একটি ধর্মোপদেশ দেওয়ার পর, এক তরুণী আমার কাছে এসে দাঁড়াল, যার হৃদয়ে গভীর ক্ষত ও ক্রোধ ছিল।



সে ঈশ্বরের ভালোবাসাকে বুঝতে পারছিল না, কারণ ঈশ্বরের ভালোবাসাকে যখন একজন পিতার ভালোবাসার সাথে তুলনা করা হলো, তখন তার নিজের


*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

পিতার সাথে কষ্টদায়ক অভিজ্ঞতাগুলোর কথা মনে পড়ে গেল। আমি তাকে স্নেহভরে বোঝাতে চেয়েছিলাম আমাদের স্বর্গীয় পিতার প্রকৃত স্বভাব - তিনি কিভাবে ভিন্ন একজন পার্থিব পিতার থেকে, এবং তাঁর ভালোবাসা কিভাবে নিখুঁত, নিরাময়কারী এবং নিঃশর্ত। তখনই সে প্রথমবার বুঝতে শুরু করল, ঈশ্বরের ভালোবাসা আসলে কী।

একজন পিতার ভূমিকা সব সংস্কৃতিতেই গভীর গুরুত্ব বহন করে। তাকে প্রায়ই পরিবারের কর্তা হিসেবে গণ্য করা হয়—যিনি পরিবারকে অর্থনৈতিক সহায়তা দেওয়া,গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া এবং সন্তানদের লালন-পালনের দায়িত্বে নিয়োজিত থাকেন।

এটি খুবই চমকপ্রদভাবে দেখা যায় যে বাইবেলে ঈশ্বরকে একজন পিতা হিসেবে চিত্রিত করা হয়। যীশু নিজেই আমাদের শিক্ষা দেন ঈশ্বরকে এমন ঘনিষ্ঠভাবে সম্বোধন করতে: " হে আমাদের স্বর্গস্থ পিতা" (মথি ৬:৯)। চলুন আমরা পবিত্র শাস্ত্রের দৃষ্টিকোণ থেকে — বিশেষ করে লূক ১৫ অধ্যায় থেকে—অন্বেষণ করি, আসলে একজন 'পিতা' হওয়ার অর্থ কী, তা সে আধ্যাত্মিক অর্থেই হোক বা জৈবিক।

এই অধ্যায়টি একটি পরিচিত নীতিগল্পটিকে পুনরায় বর্ণনা করে, তবে আমি সংক্ষেপে গল্পটি তুলে ধরছি। গল্পটি শুরু হয় এক ধনী পিতার সাথে, যার দুটি পুত্র ছিল। ছোট ছেলেটি তার ইচ্ছার তাড়নায়,তার উত্তরাধিকারের অংশ দাবি করে এবং



ছোট ছেলে শূকরদের খাওযাতো

পার্থিব ভোগবিলাসের সন্ধানে বাড়ি ছেড়ে দেয়। সে সবকিছু অপচয় করে এবং শেষ পর্যন্ত দারিদ্রে পতিত হয়, শূকরকে খাওয়ানোর কাজ করে এবং তাদের খাবার খাওয়ার জন্য আকুল হয়। নিজের সর্বনিম্ন অবস্থায়, সে তার পিতাকে মনে করে—ছেলে হিসেবে নয়, বরং একজন দাস হিসেবে ফিরে যাওয়ার চিন্তা করে।

তবু, যখন সে বাড়ি ফিরে আসে, তার পিতা দূর থেকে তাকে দেখতে পান, তার দিকে দৌড়ে যান, তাকে আলিঙ্গন করেন, সুন্দর পোশাক ও গহনা পরিয়ে দেন এবং তার ফিরে আসার আনন্দে এক বিরাট ভোজের আয়োজন করেন।

এদিকে, বড় ছেলে — যে সবসময় বাড়িতেই ছিল এবং বিশ্বস্তভাবে তার পিতার সেবা করে গেছে — সে নিজেকে অবহেলিত ও বিরক্ত মনে করে। সে উৎসবে যোগ দিতে অস্বীকার করে এবং তার পিতার ভালোবাসার গভীরতা উপলব্ধি করতে সংগ্রাম করে। উপহাস্যকরভাবে, শারীরিকভাবে কাছে থাকলেও, সে আবেগগতভাবে দূরে ছিল।। বিপরীতে, ছোট ছেলে তার বিদ্রোহ সত্ত্বেও তার পিতার চরিত্র সম্পর্কে এক অন্তর্দৃষ্টিগত বোঝাপড়া রাখতো। এমনকি দূরদেশে থেকেও সে বিশ্বাস করত, সে এখনো ফিরে যেতে পারে — দোষী সাব্যস্ত হওয়ার জন্য নয় বরং গ্রহণযোগ্য হতে।

## পিতা হিসাবে ঈশ্বর:

### ১। এক প্রেমময় পিতা

যদিও এই উপমাটি প্রায়ই ছোট ছেলেটিকে কেন্দ্র করে দেখা হয়, আসুন আমরা পরিবর্তে পিতাকে মূল চরিত্র হিসেবে বিবেচনা করি। তিনি আমাদের প্রেমময় স্বর্গীয় পিতার প্রতিনিধিত্ব করেন — ঈশ্বর তাঁর সন্তানদের কাজের উপর অথবা তারা কে তার উপর ভিত্তি করে ভালোবাসেন না, বরং তিনি কে তার উপর ভিত্তি করে ভালোবাসেন।

তাঁর প্রেম স্থায়ী, অটল, এবং নিঃশর্ত।

যাত্রাপুস্তক ৪:২২, ইস্রায়েলীয়দের ঈশ্বরের প্রথমজাত সন্তান হিসেবে উল্লেখ করা হয়েছে। তারা বারবার ঈশ্বরের থেকে মুখ ফিরিয়ে নিলেও, ঈশ্বর তাদের উদ্ধার ও রক্ষা করতে এবং তাদের জন্য শক্তিশালী ও প্রসারিত বাহু দিয়ে প্রয়োজনীয় সবকিছু সরবরাহ করতে থাকেন। তাঁর সন্তানদের প্রতি ভালোবাসা কখনও টলে না।

এই গল্পেও,পিতা তাঁর পুত্রের ব্যর্থতার জন্য তাকে তিরস্কার বা সমালোচনা করেননি। বরং, তিনি তাঁকে খোলা বাহুতে গ্রহণ করেন এবং আনন্দের সঙ্গে তাঁর ফিরে আসা উদ্‌যাপন করেন। তিনি অতীতে যা হয়েছে তা নিয়ে চিন্তা না করে মিলনের আনন্দে মেতে ওঠেন।

এই হল আমাদের স্বর্গীয় পিতার প্রেম — অপরিমেয়, সহানুভূতিশীল, এবং নিঃস্বার্থভাবে প্রদানকৃত। তিনি আমাদের যোগ্যতার উপর ভিত্তি করে আমাদের গ্রহণ করেন না, বরং তিনি তাঁর অনুগ্রহ ও করুণার প্রাচুর্য থেকে আমাদের গ্রহণ করেন।



প্রেমময় পিতা

বাইবেল আমাদের শিক্ষা দেয়: **"পিতারা, তোমরা সন্তানদের ক্রুদ্ধ কোরো না, বরং প্রভুর শিক্ষা ও নির্দেশ অনুযায়ী তাদের গড়ে তোলো"** (ইফিষীয় ৬:৪)।

আমাদের মধ্যে কিছু লোক বিশ্বাস করে যে শিশুদের সঙ্গে কঠোর ভাবে কথা বলা অথবা নির্দয় বাক্য ব্যবহার করা গ্রহণযোগ্য। যাইহোক, পবিত্র শাস্ত্র আমাদের স্মরণ করিয়ে দেয় যে আমরা যখন আমাদের সন্তানদের শাসন করবো , তখন আমরা যেন অবশ্যই শান্তভাবে এবং চিন্তাশীলভাবে তাদের শাসন করি, আমাদের নিশ্চিত হতে হবে যে আমরা যেন তাদের ক্রুদ্ধ না করে তুলি। প্রভু আমাদের এমন পিতা হতে সাহায্য করুন যাদের মধ্যে দিয়ে তাদের হৃদয়ের ভালোবাসা প্রতিফলিত হয়।

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)



**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে জুন থেকে ১৮ই জুলাই, ২০২৫)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

### প্রশংসার বিষয়সমূহ

**জুন ১৯ :** আমাদের সমর্পিত সহযোগী সম্পাদকদের জন্য যারা আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি ১৬টি ভাষায় প্রকাশিত হতে সাহায্য করছেন।

**দিন ২০:** ১৯৬৯ সালে, শুরু থেকে আমাদের পত্রিকা পরিচর্যাকে তাঁর বিশ্বস্ত আশীর্ব্বাদের জন্য।

**দিন ২১:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির সমস্ত সমর্থকদের জন্য।

**দিন ২২:** মহাবলীপুরমে ১৭ই মে তারিখে অনুষ্ঠিত নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের রিট্রিটকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৩:** আমাদের শুভচিন্তকদের প্রার্থনা এবং আর্থিক সাহায্যের জন্য।

**দিন ২৪:** আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজগুলি এবং সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ সাফল্যের সঙ্গে সম্পূর্ণ করার জন্য।

**দিন ২৫:** ঈশ্বরের অপার অনুগ্রহের জন্য যা আমাদের পরিচর্যাকে এত বছর ধরে ফলবহন করতে সক্ষম করছে।

**দিন ২৬:** আমাদের বরিষ্ঠ পাস্টর এবং তাঁর পরিবারকে সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ২৭:** ২০২৫ -২০২৬ শিক্ষাবর্ষে সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজের ভর্তি প্রক্রিয়াকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৮:** আমাদের **বাইবেলকোর-ডাকযোগে বাইবেল পাঠক্রম** এবং **ডাকযোগে ঈশ্তাত্বিক পাঠক্রমের প্রভাবের জন্য।**

**দিন ২৯:** গ্লোবাল ভিসন ফর ইয়ুথ এ্যাণ্ড কিড কেয়ার পরিষেবাগুলির উপর ঈশ্বরের হাতের জন্য, বিশেষ করে রাত ১০টার সময় বিশ্বব্যাপী যুব এবং শিশুদের জন্য মধ্যস্থতাকারী প্রার্থনার জন্য।

**দিন ৩০:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কর্মীদের এবং তাদের পরিবারগুলির সুরক্ষা এবং তাদের প্রয়োজনগুলির জোগানের জন্য।

**জুলাই ০১:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলিতে ছুটীকালীন বাইবেল স্কুলের সফল ফলাফলের জন্য।

**দিন ০২:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি মণ্ডলী কৃতিত্ব অর্জনকারী পুরস্কার অনুষ্ঠানের সাফল্যের জন্য।

**দিন ০৩:** আমাদের বাইবেল স্কুলের সমস্ত শিক্ষার্থীদের ঈশ্বরের সুরক্ষার জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সারা বিশ্বের মিশনারীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ০৫:** সমস্ত দেশগুলিতে শান্তি বজায় রাখার জন্য।

**দিন ৬:** প্রান্তিক এবং নিপীড়িত লোকদের আর্থিক উন্নতির জন্য।

**দিন ৭:** দূরবর্তী এলাকাগুলিতে সুসমাচার অপ্রসারিত জনগোষ্ঠীদের মধ্যে পৌঁছানোর জন্য মিশনারীদের নিরাপত্তা এবং শক্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ৮:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলির জোগানের উদ্দেশে ঈশ্বরের প্রতিবিধানের জন্য।

**দিন ৯:** প্রত্যেকটি দেশে ঈশ্বরকে ভয়কারী নেতৃবৃন্দের জন্য।

**দিন ১০:** আমাদের সিনিয়ার পাস্টর এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ১১:** ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজগুলিতে এবং সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ১২:** নহিমিয় বাইবেল কলেজের নতুন শিক্ষার্থীদের ঈশ্বরের পরিচালনার জন্য কারণ ২০২৫ সালের ২রা জুন থেকে তাদের ক্লাস শুরু হবে।

**দিন ১৩:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির জন্য আরও সমর্পিত কর্মীদের তোলার জন্য।

**দন ১৪:** বিশ্বব্যাপী সমস্ত আধ্যাত্মিক নেতাদের জ্ঞান এবং শক্তির জন্য।

**দিন ১৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**দিন ১৬:** আমাদের সমস্ত পরিচর্যা সংক্রান্ত সভাগুলিকে এবং আমাদের সংস্থাগত সমস্ত কার্যকলাপগুলিকে ঈশ্বরের আনুকূল্যের জন্য।

**দিন ১৭:** সমস্ত দেশগুলিকে উগ্রপন্থী কার্যকলাপ এবং হিংসাত্মক কার্যকলাপের হাত থেকে সুরক্ষার জন্য।

**দিন১৮:** আমাদের অফিস এবং প্রিণ্টিং কর্মীদের সুস্বাস্থ্য এবং শক্তির জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

আমাদের উত্তম পিতা সর্বদাই আমাদের ঘরে ফিরে আসার জন্য অপেক্ষা করে থাকেন। আমাদের স্বর্গীয় পিতার থেকে আমরা যত দূরেই চলে যাই না কেন, তিনি তাঁর ভালোবাসাসহ এবং প্রসারিত বাহু দ্বারা আমাদের অভ্যর্থনা করার জন্য প্রস্তুত হয়ে দাঁড়িয়ে থাকেন।

## ২। এক ব্যাকুল পিতা!

লূক ১৫:২০ পদে আমরা পাঠ করি;"**সে তখনও অনেক দূরে, তার পিতা তাকে দেখতে পেলেন। তার জন্য তাঁর অন্তর করুণায় ভরে উঠল। তিনি দৌড়ে তাঁর পুত্রের কাছে গেলে, তার গলা জড়িয়ে ধরে তাকে চুম্বন করলেন।**" এই স্পর্শকাতর মুহূর্তটি প্রকাশ করে একজন পিতার হৃদয়, যিনি প্রতিদিন অপেক্ষা করতেন, আকুল হয়ে থাকতেন, আশায় থাকতেন যে তার পুত্র ফিরে আসবে।

একইভাবে। আমাদের স্বর্গীয় পিতা আমাদের প্রত্যেকের সঙ্গে সম্পর্ক পুনরুদ্ধারের জন্য আকুল। আদম ও হবার সঙ্গে যেমন তাঁর একটি গভীর, অন্তরঙ্গ সম্পর্কের আকাঙ্খা ছিল— তেমনি আজও তিনি আমাদের কাছ থেকেও তা চান—ব্যাকুলতা ও প্রতীক্ষা।

তবুও সদাপ্রভু আপনাদের প্রতি করুণা করতে চান... যিশাইয় ৩০:১৮। তিনি অপেক্ষা করছেন যেন তিনি তাঁর দয়া, করুণা ও অনুগ্রহ আপনার উপর ঢেলে দিতে পারেন— যেমনটি পিতা সেই দৃষ্টান্তে করেছিলেন।

যখন আমরা তাঁর কাছে ফিরে যাই, তিনি আমাদেরকে প্রশ্ন করবেন না বা লজ্জা দেবেন না। বরং, তিনি আমাদের আলিঙ্গন করবেন ও তাঁর মঙ্গলদ্বারা আশীর্বাদ করবেন। যদি আপনি অনুভব করেন যে আপনি ঈশ্বরের থেকে দূরে, তাঁর ভালোবাসার যোগ্য নন, বা ফিরে আসতে দ্বিধান্বিত করছেন— তাহলে এটা জানুন: আপনি মাত্র এক কদম দূরে। তিনি এখনই আপনার জন্য অপেক্ষা করছেন।

## উত্তরাধিকার রেখে যাওয়া!!

এটি পিতৃত্বের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কিন্তু প্রায়ই উপেক্ষিত দিক। প্রাচীন প্রবাদ আছে "বাপকা বেটা" — এতে রয়েছে গভীর সত্য। পিতা কেবল তাদের জিন নয়, জীববৈজ্ঞানিক ও আত্মিক বৈশিষ্ট্যও তাদের সন্তানদের মাঝে রেখে যান। অনেক তরুণের কাছেই, তাদের পিতা প্রথম নায়ক। তারা তাদের পিতার কাছ থেকে অনেক কিছু শেখে—শুধু কীভাবে বাঁচতে হয়



*সন্তানেরা তাদের পিতার কাছ থেকে অনেক গুরুত্বপূর্ণ শিক্ষা গ্রহণ করে*

তা নয়, বরং কীভাবে বাঁচতে হয় না তাও।

দুঃখজনকভাবে, প্রায়ই দেখা যায় যে নেতিবাচক বৈশিষ্ট্যগুলোই বেশি সহজে প্রজন্ম থেকে প্রজন্মে চলে যায়। তবুও, পিতারা একটি স্থায়ী উত্তরাধিকার রেখে যান - তারা সেটা বুঝুক বা না বুঝুক। তারা তাদের সন্তানের আত্মিক জীবন গঠনে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

## যাত্রাপুস্তক ১৫:২ পদে, আমরা পাঠ করি:

**"সদাপ্রভু আমার বল ও গান, তিনি আমার পরিত্রাণ হইলেন; এই আমার ঈশ্বর, আমি তাঁহার প্রশংসা করিব; আমার পৈতৃক ঈশ্বর, আমি তাঁহার প্রতিষ্ঠা করিব।"**

"আমার পৈতৃক ঈশ্বর" উক্তিটির মধ্যে দিয়ে বোঝা যায় যে অনেক ছোট বয়েসেই পিতার প্রভাবের মাধ্যমে ঈশ্বরে বিশ্বাসের বিষয়টি শিক্ষা দেওয়া হতো।

## দ্বিঃবিঃ ৩২: ৭ পদে বলা হয়েছে:

**"পুরাকালের দিন সকল স্মরণ কর, বহুপুরুষের বৎসর সকল আলোচনা কর; তোমার পিতাকে জিজ্ঞাসা কর, সে জানাইবে...।"**

## গীত ৪৪: ১ পদে যোগ করা হয়েছে :

**"হে ঈশ্বর, আমরা স্বকর্ণে শুনিয়াছি, আমাদের পিতৃ পুরুষেরা আমাদিগকে বলিয়াছেন, তুমি পূর্বাকালে তাঁহাদের সময়ে কার্য করিয়াছিলে...।"**

## গীত ৭৮: ৩-৪ পদে ঘোষণা করা হয়েছে:

**"সেই সকল আমরা শুনিয়াছি, জ্ঞাত হইয়াছি, আমাদের পিতৃপুরুষেরা আমাদিগকে বলিয়াছেন, আমরা সে সকল তাঁহাদের সন্তানগণের কাছে গুপ্ত রাখিব না, উত্তরকালীন বংশের কাছে সদাপ্রভুর**

*(ক্রমশঃ, ৯ পাতায়)*


# নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য), ঈশতত্ত্বে ডিপ্লোমা

আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 55 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুর:

**The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminary Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Telugu Service : 4.00 p.m. Sunday**
19. **Hindi Service : 5.00 p.m. Sunday**
20. **Tamil & English Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.30 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

**তোমরা সদাপ্রভুর স্তব কর- তিনি আমাদের হীনাবস্থায় আমাদিগকে স্মরণ করিলেন; তাঁহার দয়া অনন্তকালস্থায়ী" (গীত ১৩৬: ১,২৩)**

আমার পরিচর্যাকারী জীবনের শুরু থেকেই, কোনো তাৎক্ষণিক পুরস্কারের প্রত্যাশা না করে ঈশ্বর আমাকে তাঁর গৌরবের জন্য এবং তাঁর রাজ্য সম্প্রসারণের জন্য যতদূর সম্ভব যেতে এবং যে কোনও চ্যালেঞ্জ গ্রহণ করার মানসিকতা দিয়েছিলেন। ১৯৭৬ সাল থেকে ১৯৮৬ সাল পর্যন্ত, আমি আমার সরকারী অফিস থেকে ছুটি নিতাম এবং সুসমাচার অভিযানে বের হতাম এবং সম্পূর্ণ নিজের খরচে ভারতের বিভিন্ন প্রান্তে মিনি ক্রুশেডের আয়োজন করতাম।

প্রায় এক মাস অথবা দুই মাস প্রভু আমাকে আমার আত্মিক বন্ধুদের সঙ্গে নিয়ে বিভিন্ন অংশে যেতে এবং সুসমাচার অপ্রসারিত গ্রামগুলিতে প্রচার করতে এবং যীশু খ্রীষ্টের সুসমাচারের মাধ্যমে হাজার হাজার লোককে স্পর্শ করতে সাহায্য করেছিলেন। বেশ কয়েক বার আমাকে আমার আর্থিক প্রয়োজনগুলির জন্য ঈশ্বরের উপর নির্ভর করতে হয়েছিল, যেমন আমাকে ট্রেনের , বাসের টিকিট কাটতে হতো, আমার জন্য এবং আমার সহকর্মীদের জন্য হোটেল বুক করতে হতো। ঈশ্বর অলৌকিকভাবে আমাকে সাহায্য করেছিলেন।

এই পরিচর্যার মাধ্যমে, ঈশ্বর আমাকে চেঙ্গালপুট জেলা, বিল্লুপুরম জেলা, মাদুরাই জেলা, ত্রিচি জেলা, এবং কন্যাকুমারী জেলা, কোদাইকানাল, উটাকামাণ্ড ,ত্রিবান্দ্রম, পিরমাদি, ইডুক্কি, বান্দিপেরীয়ার, বিজওয়াড়া, ব্যাঙ্গালোর, মহিশূর ইত্যাদ স্থানের প্রত্যন্ত এলাকাগুলি পরিদর্শন করতে সাহায্য করেছিলেন। যাত্রার সময় বাদ্যযন্ত্রগুলি, সুসমাচার পুস্তিকাগুলি বাসে, ট্রেনে এক জায়গা থেকে আরেক জায়গায় নিয়ে যেতে আমাকে বিভিন্ন সমস্যার অভিজ্ঞতা লাভ করতে হয়েছিল। আমার আর্থিক অবস্থা খারাপ হওয়ায়, পরিচর্যার কাজে গাড়ীর কথা আমি চিন্তা করতে পারতাম না। কিন্তু ঈশ্বর আমার মানসিকতা দেখছিলেন এবং আমার সাক্ষ্যগুলি শুনছিলেন...ঈশ্বর আপনার কাজ এবং ভালোবাসার পরিশ্রম ভুলে যাওয়ার মতো অধার্মিক নন, যে কাজগুলি আপনি তাঁর নামের উদ্দেশে বুনন করেছিলেন , এই ভাবে আপনি সাধুদের পরিচর্যা করেছিলেন, এবং পরিচর্যা কাজ করেছিলেন। ইব্রীয় ৬:১০ ।

পরে আমি দেখেছিলাম যে ঈশ্বর আমার সমস্ত সহকর্মীদের আশীর্বাদ করেছিলেন এবং তাদেরকে উন্নত স্তরে উচ্চিকৃত করেছিলেন এবং এমনকি আজকের দিনেও তাদেরকে তিনি তাঁর দ্রাক্ষাক্ষেত্রে পরাক্রমের সঙ্গে ব্যবহার করছেন। সেই একই ঈশ্বর আজও জীবিত আছেন। তিনি আগ্রহী ব্যক্তিদের অন্বেষণ করছেন যারা তাৎক্ষণিক পুরস্কারের প্রত্যাশা না করে এবং দুষ্ট অভিপ্রায় না করে তাঁর সেবা করতে এগিয়ে আসতে পারেন। **"তুমি জলের উপরে আপন ভক্ষ্য ছড়াইয়া দেও, কেননা অনেক দিনের পরে তাহা পাইবে"** (উপদেশক ১১:১)। তিনি কারও কাছে ঋণী থাকেন না।

ব্যক্তিগতভাবে আমি শিখেছি যে আমরা যদি ঈশ্বরের রাজ্যের জন্য কিছু করতে চাই, তাহলে বায়ু না দেখে এবং মেঘ না দেখে আমাদের তৎক্ষণাৎ তা করা উচিত কারণ **যে জন বায়ু মানে, সে বীজ বপন করিবে না, এবং যে জন মেঘ দেখে, সে শস্য কাটিবে না** (উপদেশক ১১:৪)। জগৎ এবং জগতের লোকেরা আপনার সঙ্গে দাঁড়াবে।

বর্তমানে, আমাদের লোকেরা ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য তাদের স্বাস্থ্য, টাকা এবং প্রতিভা বিনিয়োগ করতে চায় না;পরিবর্তে তারা তাৎক্ষণিক উচ্চপদ এবং পুরস্কার প্রত্যাশা করে। প্রিয় বন্ধু, যীশু খ্রীষ্টের সুসমাচারের কারণে আমি সত্যিই আশীর্বাদ লাভ করেছি। সত্যিই তিনি আপনাকেও আশীর্বাদ করতে পারেন। আপনি কি এখনই যীশু খ্রীষ্টের জন্য কিছু করার উদ্দেশ্যে সামনে এগিয়ে আসতে চান? আপনি কি আপনার ক্রুশ তুলে নেবেন এবং তাঁকে অনুসরণ করবেন? **ঈশ্বর ইচ্ছুক লোকদের খুঁজছেন যারা প্রকৃতভাবে তাঁর গৌরবময় সুসমাচার নিয়ে যে কোনও জায়গায় — যে কোনও মূল্যে প্রেরিত হতে আগ্রহী আছেন** (১ করিন্থীয় ৯:২২)।

**আপনি যখন এর বাক্যগুলি পাঠ করবেন, তখন আপনি অবশ্যই জানতে পারবেন যে আপনার জন্য ঈশ্বরের কাছে বিশেষ পরিকল্পনা আছে। জাগতিক সম্পদ, স্বাস্থ্য, সম্পর্ক, এবং খ্যাতি একদিন আপনাকে ঠকাবে!! কিন্তু যীশু খ্রীষ্ট আপনাকে সহায়হীন অবস্থায় কখনও পরিত্যাগ করবেন না** (যোহন ১৪:১৮)!!!

আজই সিদ্ধান্ত গ্রহণ করুন। আপনার জন্য এক মহান পুরস্কার অপেক্ষা করছে!

************

(ক্রমশঃ, ৭ পৃষ্ঠার পর)

**প্রশংসা বর্ণনা করিব, তাঁহার কৃত আশ্চর্য ক্রিয়া সকল বর্ণনা করিব।"**

এই পদগুলি এটা স্পষ্ট করে: শিশুরা তাদের পিতাদের কাছ থেকে শিক্ষা গ্রহণ করে, এবং প্রত্যেক পিতার দায়িত্ব হচ্ছে তাদের পরবর্তী প্রজন্মের কাছে আত্মিক জ্ঞান এবং ঈশ্বরের মূল্যবোধগুলো শিক্ষা দেওয়া।

দুর্ভাগ্যবশত,আমাদের সন্তানদের অসংখ্য পাপের ধরণগুলোর মূল পূর্ববর্তী প্রজন্মগুলোর থেকে রোপিত হয়। কিন্তু ঈশ্বর চান আমরা যেন আত্মিক আশীর্বাদের উত্তরাধিকার আমাদের সন্তানদের জন্য রেখে যাই, অভিশাপ নয়।

বাইবেল আমাদের এই বিষয়ে অসংখ্য উদাহরণ দেয়, বিশেষ করে ইস্রায়েল এবং যিহূদার রাজাদের মধ্যে থেকে, যেখানে পুত্রেরা তাদের পিতাদের অধার্মিকতার পথ অনুসরণ করেছিল এবং অর্থহীন জীবন যাপন করেছিল। ২ রাজা ২১:২১ পদে, আমরা মনঃশির পুত্র, আমোনের সম্পর্কে পাঠ করি :

**"তাঁহার পিতা যে পথে চলিয়াছিলেন, তিনিও সেই সমস্ত পথে চলিতেন, এবং তাঁহার পিতা যে সকল পুত্তলির সেবা করিয়াছিলেন, তিনিও সেই সকলের সেবা করিতেন ও তাহাদের কাছে প্রণিপাত করিতেন।"**

কি দুঃখজনক ঘটনা!

মনঃশি নিজেই ছিলেন এক মহান রাজা হিষ্কিয়ের পুত্র—যিনি সদাপ্রভুকে ঐকান্তিক আগ্রহের সঙ্গে ভালোবাসতেন। তথাপি, মনঃশির কী ঘটেছিল? কেন তিনি ঈশ্বরের প্রতি একই ঈশ্বর ভক্তিসহ বড় হয়ে ওঠেননি? প্রত্যেক পিতার কাছে এটি একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করে: আপনি কি উত্তরাধিকার রেখে যাচ্ছেন?

১ রাজা ১১:৯ পদে আমরা পাঠ করি, শলোমন যখন বৃদ্ধ হয়েছিলেন, তাঁর স্ত্রীরা তাঁকে অন্যান্য দেবতাদের প্রতি বিপথগামী করেছিল, সুতরাং তাঁর হৃদয় সম্পূর্ণরূপে তাঁর ঈশ্বর সদাপ্রভুর প্রতি অনুরক্ত ছিল না। সমগ্র শাস্ত্রের মধ্যে, আমরা এরকম অসংখ্য



*শলোমনের স্ত্রীরা তাঁকে অন্য দেবতাদের উদ্দেশে বিপদগামী করেছিল*

পিতাদের সন্তানদের উপর ধার্মিক উত্তরাধিকার রেখে যেতে ব্যর্থ হওয়ার উদাহরণ দেখতে পাই, যা তাদের সন্তানদের উপরে এবং তাদের প্রজন্মগুলির উপর ধ্বংস এনেছিল। এদের সঙ্গে তুলনামূলকভাবে, রাজা আসা, যিহোশাফট, এবং যোশিয় তাদের পিতাদের পদাঙ্ক সুচিন্তিতভাবে অনুসরণ করেছিলেন, বিশ্বাসের স্থায়ী উত্তরাধিকার প্রতিষ্ঠিত করেছিলেন। তাদের বাধ্যতা কেবল তাদের ঘরের লোকদের আশীর্বাদযুক্ত করেনি কিন্তু প্রতিবেশী দেশগুলোতেও শান্তি এনেছিল — ২বংশাবলি ১৭:১০ পদে ঘোষণা করা হয়েছে, "... **আর যিহূদার চতুর্দ্দিকস্থ দেশের সকল রাজ্যে সদাপ্রভু হইতে এমন ভয় উপস্থিত হইল যে, তাহারা যিহোশাফটের সহিত যুদ্ধ করিল না...**।" আমরা



***দেশের সকল রাজ্যে সদাপ্রভু হইতে ভয় উপস্থিত হইল***

আমাদের সন্তানদের জন্য এবং আসন্ন প্রজন্মগুলির জন্য কী ধরণের উত্তরাধিকার রেখে যাচ্ছি?

এমনকি ঈশ্বরের দাসেরাও এই ঝুঁকি থেকে নিরাপদ নন। মোশি, এলি, শমূয়েল, এবং দাউদ — প্রত্যেকেই সদাপ্রভুর মহান দাস — পিতা হিসাবে তাদের ভূমিকা নিয়ে সংগ্রাম করেছিলেন। মোশি যেমন যিহোশূয়ের সঙ্গে এবং এলিয় যেমন ইলীশায়ের সঙ্গে জোড় তৈরী করেছিলেন, সেইরূপে আমরাও তাদের মতো আত্মিক উত্তরাধিকারী গড়ে তোলার জন্য ঐকান্তিকভাবে আগ্রহী হতে পারি, কিন্তু আমরা কি প্রভুর ভয়ে এবং জ্ঞানে আমাদের নিজেদের সন্তানদের প্রতি পালনের উদ্দেশে একইভাবে প্রতিশ্রুতিবদ্ধ?

অপব্যয়ী পুত্রের গল্পটি বিবেচনা করুন: তার বিদ্রোহ এবং অপচয়ী স্বভাব সত্ত্বেও, তার পিতার আকুল প্রত্যাশাযুক্ত ভালোবাসা বিচলিত হয়নি। স্বর্গীয় পিতার এই প্রতিচ্ছবিটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে ঈশ্বর আমাদের প্রেমময়, সহিষ্ণু পিতামাতা হওয়ার জন্য আহ্বান করেন, আমরা যেন বিশ্বাসপূর্ণ উত্তরাধিকার রেখে যাই যা স্থায়ী হয়। তাঁর অনুগ্রহ এবং ভক্তির প্রতি প্রভু আমাদের শক্তিশালী করুন, যাতে আমাদের সন্তানরা এবং তাদের সন্তানরা তাঁর পথে চলে।

************


**URGENT NEED for CHRISTIAN OFFICE**

**1. COMPUTER OPERATORS**

**2. PRINTING PRESS OPERATORS**

Contact : (+91) 98412 71858, E.mail : sam@echoofhiscall.org


**NOTICE**

Please store the Mobile Phone numbers (+91) 98410 71858, (+91) 98412 71858 of Pastor S. Sam Selva Raj on your mobile phones. - Editor

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time.
Thanks. **- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য** : ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য** : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS Patrika Channel"**
**on 14th JUNE 2025**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**